



বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

নং ৩৬.০৬.২৬৯২.০০৭.০৭.০৩৪.৬৪.১৯/১২০১

তারিখঃ ২৬-০৫-২০১৯ খ্রিষ্টাব্দ।

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

২৬-০৫-২০১৯ তারিখে দৈনিক যুগান্তর ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলক্রমে অত্র সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৭৪.৯৯.০০৭.১৯-৯৯, তারিখঃ ২১-০৫-২০১৯ এবং ৩৬.০০.০০০০.০৬৮.১৫.০০২.১৪/১৮৩, তারিখঃ ০১-১১-২০১৫ মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর ঢাকা, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা ও বগুড়া কেন্দ্রসমূহের শূন্য পদে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নোক্ত পদে উপযুক্ত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন/পারবেন না।
(০১)	সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-৯ টাকা ২২০০০-৫৩০৬০/=	০১টি	ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে লোকপ্রশাসন/ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। এমবিএ ডিগ্রীধারী প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।	বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
(০২)	হিসাব রক্ষণ অফিসার গ্রেড-৯ টাকা ২২০০০-৫৩০৬০/=	০১টি	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সিএ/আইসিএমএ ডিগ্রীধারী প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।	
(০৩)	পরিকল্পনা কর্মকর্তা, গ্রেড-৯ টাকা ২২০০০-৫৩০৬০/=	০১টি	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।	
(০৪)	জনসংযোগ কর্মকর্তা গ্রেড-৯ টাকা ২২০০০-৫৩০৬০/=	০১টি	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা/পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সাংবাদিকতা/পরিসংখ্যান বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	
(০৫)	ক্রয় কর্মকর্তা গ্রেড-১১ টাকা ১২৫০০-৩০২৩০/=	০২টি	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা বা খ্যাতনামা শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ (তিন) বছরের ক্রয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পিপিআর এর উপর প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।	
(০৬)	নিরাপত্তা পরিদর্শক গ্রেড-১৪ টাকা ১০২০০-২৪৬৮০/=	০২টি	প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পাশ হতে হবে। অবসরপ্রাপ্ত জুনিয়র কমিশন্ড অফিসার অথবা প্রতিরক্ষা সার্ভিসের সমমানের অবসরপ্রাপ্ত কর্মচারীকে অগ্রাধিকার দেয়া হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল,
(০৭)	নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৬ টাকা ৯৩০০-২২৪৯০/=	০৮টি	কোন অনুমোদিত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ-এ (ক) বাংলাঃ প্রতি মিনিটে ন্যূনতম ২০ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে ন্যূনতম ৩০ শব্দ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	চট্টগ্রাম, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, বগুড়া, পাবনা, খুলনা, বরিশাল, পটুয়াখালী জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
(০৮)	ডিএমজি-৩ (শিক্ষানবিস) গ্রেড-১৬ টাকা ৯৩০০/=(নির্ধারিত)	০২টি	সরকার অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ড্রাফটিং কোর্সে এসএসসি (ভোকেশনাল/টিটিসি)।	এতিম ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
(০৯)	কেয়ারটেকার গ্রেড-১৮ টাকা ৮৮০০-২১৩১০/=	০১টি	এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	
(১০)	সাহায্যকারী গ্রেড-২০ টাকা ৮২৫০-২০০১০/=	০৯টি	এসএসসি পাশসহ কারিগরি জ্ঞান থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর।	
(১১)	অফিস সহায়ক গ্রেড-২০ টাকা ৮২৫০-২০০১০/=	০২টি	প্রার্থীকে এসএসসি অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ শারীরিক যোগ্যতা থাকতে হবে। অফিসের কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	

আবেদনের শর্তাবলীঃ

- আবেদনকারীকে মহাপরিচালক, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮-এর বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (নির্ধারিত ফরম বিটাক-এর ওয়েব সাইট www.bitac.gov.bd পাওয়া যাবে)। নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি বিটাকের ওয়েব সাইটে পাওয়া যাবে।
- আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদনপত্র আগামী ২০-০৬-২০১৯ তারিখের মধ্যে সচিব, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ঠিকানায় প্রেরণ করতে হবে।
 - জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর ফটোকপি;
 - আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ঠিকানা লিখিত (যে ঠিকানায় পত্রালাপ করা হবে) ২৩ সে: মি: X ১১ সে: মি: মাপের একটি ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে। ফেরত খামে ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকেট লাগানো থাকতে হবে;
 - সম্প্রতি তোলা ৪ (চার) কপি পাসপোর্ট আকারের ছবি;
 - আবেদনের সাথে "মহাপরিচালক, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮-এর অনুকূলে ক্রমিক নং- ১-৪-এ বর্ণিত পদের জন্য ৪০০/=(চারশত) টাকা এবং ক্রমিক নং-৫ বর্ণিত পদের জন্য ৩০০/=(তিনশত) এবং ক্রমিক নং-৬ হতে ১১ পর্যন্ত বর্ণিত পদের জন্য ২০০/=(দুইশত) টাকা মূল্যের ডিডি অথবা পে-অর্ডার (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- প্রার্থীদের বয়স ২০-০৬-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বৎসর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ ১ সেট ফটোকপি সংগে আনতে হবে।
- ক্রমিক ০১-০৫ এর ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ বা সমমান প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ক্রমিক নং ১-৪ পর্যন্ত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- প্রার্থী নিয়োগের ক্ষেত্রে সরকার প্রবর্তিত সকল প্রকার বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত, ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রয়োজনবোধে কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন। অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা আংশিক অথবা সম্পূর্ণ সংশোধন করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- প্রাকৃতিক দুর্যোগ বা অনিবার্য কারণে বাধাপ্রাপ্ত বন্ধ না হলে এ নিয়োগ প্রক্রিয়া আগামী ২২ আগস্ট ২০১৯ এর মধ্যে সম্পন্ন করার জন্য কর্তৃপক্ষ আশাবাদী।

(মোঃ মফিজুল ইসলাম)
সচিব
মহাপরিচালক-এর পক্ষে